

২৩তম প্রটোকল ফর্মালিটিস এন্ড আর্টিকুলেশন কোর্স অনুষ্ঠিত



বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) এর ব্যবস্থাপনায় ২৩তম “প্রটোকল ফর্মালিটিজ এন্ড আর্টিকুলেশন” কোর্সটি ১০-১৪ মার্চ, ২০১৯ পর্যন্ত (৫দিনব্যাপী) বিএসটিডি’র নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে দেশের বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান থেকে মোট ২৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ১৪ মার্চ ২০১৯ তারিখে কোর্সটি সফলভাবে সমাপ্ত হয়েছে। কোর্সটির সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সনদ বিতরণ করেন জনাব গোলাম মইন উদ্দিন, চেয়ারম্যান, ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাবেক মন্ত্রিপরিষদ সচিব ও বিএসটিডি’র সভাপতি ড. সা’দত হুসাইন। অনুষ্ঠানে কোর্স প্রতিবেদন উপস্থাপন করেন কোর্স পরিচালক ও বিএসটিডি’র নির্বাহী কর্মকর্তা জনাব মুহাম্মদ জিল্লুর রহমান এবং কোর্সের ফলাফল ও মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন কোর্স উপদেষ্টা ও ব্রেক্ট এর রিসার্চ কনসালটেন্ট বেগম তাহামিন বানু। প্রশিক্ষার্থী কর্মকর্তাগণের পক্ষ হতে বক্তব্য রাখেন জনাব মোঃ শামীম হোসেন, প্রভাষক, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ও জনাব আর.এইচ.এম আলাওল কবির, সিনিয়র সহকারী সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। উপস্থাপনায় ছিলেন জনাব আয়শা নুসরাত জাহান, উপ-ব্যবস্থাপক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এবং জনাব শামীম আদনান, সহকারী পরিচালক, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা। ধন্যবাদ জ্ঞাপন করেন সিনিয়র কোর্স উপদেষ্টা ও বিএসটিডি’র সহ-সভাপতি জনাব এম জানিবুল হক। নৈশভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।